শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

জেলা পরিষদ কার্যালয়
লালমনিরহাট।
www.zplalmonirhat.org

১৫/০৮/১৪২৯ বঙ্গাব্দ

স্মারক নং-জেপ/লাল/২০২২/ ৪৫৬(২৫)

তারিখ : ৩০/১১/২০২২ খ্রিস্টাব্দ

## গাছ বিক্রয়ের কোটেশন দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা পরিষদ মালিকানাধীন বিভিন্ন উপজেলায় বিভিন্ন রাস্তার চুক্তিভিত্তিক রোপিত লালকালী দ্বারা নম্বর চিহ্নিত করা ১০টি গ্রুপে বিভিন্ন প্রজাতির ৪২০টি গাছ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারিত সীলমোহরকৃত খামে কোটেশন আহবান করা হচ্ছে। কোটেশনের দরপত্র সিডিউল ২০/১২/২০২২ খ্রি. তারিখ বেলা ১.০০ ঘটিকায় নিম্নবর্ণিত দপ্তর সমূহে দাখিল করতে হবে এবং একই দিন বেলা ২.০০ ঘটিকায় উপস্থিত কোটেশন দাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

* দরপত্র সিডিউল ক্রয়, দাখিল, খোলার তারিখ ও স্থান *

| | | |
|---|---|---|
| ০১। | দরপত্র ক্রয়ের শেষ তারিখ। | ১৯/১২/২০২২ খ্রি. বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত। |
| ০২। | দরপত্র দাখিলের তারিখ ও সময়। | ২০/১২/২০২২ খ্রি. তারিখ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত। |
| ০৩। | দরপত্র ক্রয় এবং দাখিলের স্থান। | জেলা পরিষদ কার্যালয়, লালমনিরহাট।<br>জেলা প্রশাসকের কার্যালয়,লালমনিরহাট।<br>পুলিশ সুপারের কার্যালয়,লালমনিরহাট । |
| ০৪। | দরপত্র সিডিউলের মূল্য | সিডিউল ক্রয় মূল্য গ্রুপ নং ২,৪,৫,৬,৭ ও ১০ নং এর ১,০০০/-(এক হাজার ) টাকা এবং গ্রুপ নং-৩ এর জন্য ৮০০/-(আট শত )টাকা,গ্রুপ নং ১ ও ৯ এর ৫০০/-(পাঁচ শত) টাকা এবং গ্রুপ নং ৮ এর ৩০০/-(তিন শত) টাকা । |
| ০৫। | দরপত্র খোলার তারিখ,সময় ও স্থান। | ২০/১২/২০২২ খ্রি. তারিখ বেলা ২.০০ ঘটিকায়,<br>জেলা পরিষদ কার্যালয়,লালমনিরহাট। |

* নিলামের জন্য আহবানকৃত দরপত্রে গাছ ও গ্রুপ সমুহের বর্ণনা *

| গ্রুপঃ নং | রাস্তার নাম ও গাছের সংখ্যা | গাছের বিবরণ | দরপত্র মূল্য |
|---|---|---|---|
| ০১ | জেলা পরিষদ মালিকানাধীন সদর উপজেলার আরডি-৯ প্রকল্প কুলাঘাট হতে বড়বাড়ী পর্যন্ত বিভিন্ন জাতের ২৭টি গাছ। | বন বিভাগের প্রাক্কলন মোতাবেক | ৫০০/-(পাঁচ শত) টাকা । |
| ০২ | আদিতমারী উপজেলাধীন সারপুকুর ইউনিয়নের নাড়িয়ার বাজার পর্যন্ত বিভিন্ন জাতের চুক্তিভিত্তিক ৭৫টি গাছ । | বন বিভাগের প্রাক্কলন মোতাবেক | ১,০০০/-(এক হাজার) টাকা । |
| ০৩ | আদিতমারী উপজেলার অগ্রদূত কমলাবাড়ী ফেডারেশনের চুক্তিভিত্তিক ৩৪টি গাছ। | বন বিভাগের প্রাক্কলন মোতাবেক | ৮০০/-(আট শত) টাকা । |
| ০৪ | জেলা পরিষদ মালিকানাধীন উদয়ন কাকিনা ফেডারেশনের সাথে চুক্তিভিত্তিক কালীগঞ্জ উপজেলার কাকিনা ইউনিয়নের ইয়াহিয়ার বাড়ী হতে নিপুনের বাড়ী হইয়া হরবানীনগর হাই স্কুল পর্যন্ত বিভিন্ন জাতের ৯০টি গাছ। | বন বিভাগের প্রাক্কলন মোতাবেক | ১,০০০/-(এক হাজার) টাকা । |
| ০৫ | কালীগঞ্জ উপজেলার উদয়ন কাকিনা ফেডারেশনের সাথে চুক্তিভিত্তিক কাকিনা বাজার হয়ে পাঁচমাথা রেলগেট হয়ে বিধুবার পুল পর্যন্ত বিভিন্ন জাতের ৩৫টি গাছ একই উপজেলার উদয়ন কাকিনা ফেডারেশন চুক্তিভিত্তিক কাকিনা বাজার হয়ে মহিষামুড়ি পর্যন্ত বিভিন্ন জাতের ০৫টি গাছ একই উপজেলার উদয়ন কাকিনা ফেডারেশন চুক্তিভিত্তিক অপুর উদ্দিনের বাড়ী হতে মনুয়া নাপিতের বাড়ী পর্যন্ত ০৩টি গাছ । সর্বমোট ৪৩টি গাছ। | বন বিভাগের প্রাক্কলন মোতাবেক | ১,০০০/-(এক হাজার) টাকা । |
| ০৬ | হাতীবান্ধা উপজেলার টংভাংগা ফেডারেশনের চুক্তিভিত্তিক আলেফ মোড় হতে গেন্দুগুড়ি পর্যন্ত বিভিন্ন জাতের ০৯টি গাছ একই উপজেলার টংভাংগা ফেডারেশনের চুক্তিভিত্তিক গেন্দুগুড়ি হাট হতে ছেরাবট হইয়া ভাটা পর্যন্ত বিভিন্ন জাতের ০৭টি গাছ একই উপজেলার টংভাংগা ফেডারেশনের চুক্তিভিত্তিক জনুর চাতাল হতে বাবুর টারী পর্যন্ত বিভিন্ন জাতের ৩৬টি গাছ। সর্বমোট ৫২টি গাছ। | বন বিভাগের প্রাক্কলন মোতাবেক | ১,০০০/-(এক হাজার) টাকা । |
| ০৭ | জেলা পরিষদ মালিকানাধীন পাটগ্রাম উপজেলার বাউরা জোড়া পুকুর হতে বুড়িমারী জিরো পয়েন্ট পর্যন্ত বিভিন্ন জাতের ৩০টি গাছ। | বন বিভাগের প্রাক্কলন মোতাবেক | ১,০০০/-(এক হাজার) টাকা । |
| ৮ | জেলা পরিষদ মালিকানাধীন পাটগ্রাম উপজেলার ভেরভেরির হাট হতে পচাডাংগা পর্যন্ত বিভিন্ন জাতের ১৩টি গাছ। | বন বিভাগের প্রাক্কলন মোতাবেক | ৩০০/-(তিন শত) টাকা । |
| ৯ | জেলা পরিষদ মালিকানাধীন পাটগ্রাম উপজেলার ধরলা ব্রীজ হতে কালিরহাট পর্যন্ত বিভিন্ন জাতের ৩০টি গাছ। | বন বিভাগের প্রাক্কলন মোতাবেক | ৫০০/-(পাঁচ শত) টাকা । |
| ১০ | পাটগ্রাম উপজেলায় পাটগ্রাম-দহগ্রাম গামী রাস্তায় স্ব-নির্ভর বাংলাদেশের সাথে চুক্তিভুক্ত গাছের পুর্বের নিলামের অ-বিক্রিত ইউক্লিপটাস সহ ২৬টি গাছ/সরজমিন গাছ। | বন বিভাগের প্রাক্কলন মোতাবেক | ১,০০০/-(এক হাজার) টাকা । |

অপর পাতা

**শর্তসমূহ :**

১। প্রতি গ্রুপের জন্য আলাদা আলাদা দর দাখিল করতে হবে। একই ব্যক্তি গ্রুপের নাম্বার উল্লেখ করে একাধিক গ্রুপের জন্য দরপত্র ক্রয় ও দাখিল করতে পারবেন।

২। দরপত্রে উদ্ধৃত দর অংকে ও কথায় পরিষ্কার ভাবে উল্লেখ করতে হবে। কোন প্রকার কাটাকাটি/ওভাররাইটিং/ঘষামাজা গ্রহণযোগ্য হবেনা ।

৩। ডাকগ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে (যত টাকায় দর দাখিল করতে ইচ্ছুক) এ-অফিসের নির্ধারিত সিডিউলে উদ্ধৃত মূল্যের ১০০% টাকা এবং উদ্ধৃত দরের ৭.৫০% ভ্যাট ও ১০% আয়করসহ যে কোন তপশিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অডার আকারে প্রধান নির্বাহী কর্মকর্তা,জেলা পরিষদ,লালমনিরহাট এর অনুকূলে দাখিল করতে হবে ।

৪। সর্বোচ্চ দরপত্র দাখিলকারীর দর কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হলে গাছ অপসারণ পত্র/কার্যাদেশ প্রদান করা হবে । গাছ অপসারণ কালীন বনজ দ্রব্য পরিবহণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০১১ অনুসরণ করতে হবে। মাটি থেকে ৩"উপড়ে গাছ কর্তন করতে হবে। গাছ কর্তনের পর উক্ত গাছের নম্বর কাটা অংশে লাগিয়ে গাছের স্থান থেকে সরাতে হবে। অন্যথায় গাছ সরানো যাবে না। অতিরিক্ত গাছ কর্তন করা হলে ফৌজদারী মামলা দায়ের করা হবে ।

৫। গাছ অপসারণ সময়ে রাস্তার কোন প্রকার ক্ষতি বা গর্ত হলে তা নিজ খরচে পূরণ করে দিতে হবে। অন্যথায় জামানত হতে কর্তন করে রাস্তা মেরামত করা হবে।

৬। গাছ অপসারণের পূর্বে উদ্ধৃত দরের উপর ১০% জামানত হিসেবে জমা দিতে হবে। যথাযথভাবে গাছ অপসারণের পরে জামানত ফেরত প্রদান করা হবে। তবে রাস্তার কোন প্রকার ক্ষতি, যানবাহন ও জনসাধারণ চলাচলে বিঘ্নসৃষ্টি করা যাবে না।

৭। নিলাম ডাকে অংশগ্রহণকারী আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে দরপত্র দাখিল করার পূর্বে সরেজমিনে গাছ দেখে দরপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

৮। নিলামকারী কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ কিংবা সকল দরপত্র বাতিল করে পূণঃ কোটেশনের ব্যবস্থা গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৮/১১/২০২২

(মোঃ রফিকুল ইসলাম)
প্রধান নির্বাহী কর্মকর্তা (অ.দা.)
জেলা পরিষদ, লালমনিরহাট।
ফোন-০৫৯১-৬১৩৫৯
ই-মেইল zillaparishadlmh@yahoo.com

স্মারক নং-জেপ/লাল/২০২২/ ৪৫৬(২৫)

তারিখ : ১৫/০৮/১৪২৯ বঙ্গাব্দ
০৮/১১/২০২২খ্রি

অনুলিপি সদয় অবগতি/ অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। জেলা প্রশাসক,লালমনিরহাট ।
২। চেয়ারম্যান,জেলা পরিষদ,লালমনিরহাট ।
৩। পুলিশ সুপার,লালমনিরহাট।
৪। উপজেলা নির্বাহী অফিসার,সদর/আদিতমারী/কালীগঞ্জ/হাতীবান্ধা/পাটগ্রাম- লালমনিরহাট।
৫। নির্বাহী প্রকৌশলী,বিক্রয় ও বিতরণ বিভাগ,বিদ্যুৎ উন্নয়ন বোর্ড(সকল উপজেলা),লালমনিরহাট। তাঁকে গাছ অপসারণ কালীন প্রয়োজনীয় সহযোগীতা করার জন্য অনুরোধ করা হলো।
৬। সহকারী প্রকৌশলী(ভা.),জেলা পরিষদ,লালমনিরহাট ।
৭। অফিসার ইনচার্জ,সদর লালমনিরহাট/আদিতমারী/কালীগঞ্জ/হাতীবান্ধা/পাটগ্রাম থানা-লালমনিরহাট ।
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা,এস,এফ.এন.টিসি.বনবিভাগ,লালমনিরহাট।
৯। চেয়ারম্যান,-----------------------------ইউনিয়ন পরিষদ,লালমনিরহাট সদর/আদিতমারী/কালীগঞ্জ/হাতীবান্ধা/পাটগ্রাম-লালমনিরহাট।
১০। সভাপতি---------------------------------------------------- ফেডারেশন-------------------------------------------------।
১১। ইলেকট্রিশিয়ান,জেলা পরিষদ,লালমনিরহাট কে স্ব স্ব এলাকায় রাস্তার গাছ নিলামের পুর্বে মাইকিং করার জন্য বলা হলো ।
১২। মেসার্স/জনাব--------------------------------------------------------।

বিতরণ :

----------------------------------------
সদস্য, ওয়ার্ড নং--------------
সদর লালমনিরহাট/আদিতমারী/কালীগঞ্জ/হাতীবান্ধা/পাটগ্রাম থানা-লালমনিরহাট ।
জেলা পরিষদ,লালমনিরহাট।

০৮/১১/২০২২

(মোঃ রফিকুল ইসলাম)
প্রধান নির্বাহী কর্মকর্তা (অ.দা.)
জেলা পরিষদ,লালমনিরহাট
ফোন:০৫৯১-৬১৩৫৯
ই-মেইল zillaparishadlmh@yahoo. com